

## আর্মি ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এআইবিএ) সাভার

### অফিস আদেশ


অঃ আঃ নং প্রশাসন/১০/০৯/৪৮৪

তারিখঃ ০৩/০৪/২০২৪

### ছুটি

১। পবিত্র শব-ই-কদর উপলক্ষে আগামী ০৭ এপ্রিল ২০২৪ (রবিবার) তারিখ আর্মি ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এআইবিএ) সাভার বন্ধ থাকবে।

২। **শব-ই-কদরের সংক্ষিপ্ত পটভূমি**। শবে কদর (ফার্সি: شب قدر) বা লাইলাতুল কদর (আরবি: ليلة القدر) এর অর্থ “অতিশয় সম্মানিত ও মহিমান্বিত রাত” বা “পবিত্র রজনী”। ৬১০ সালে শবে কদরের রাতে মক্কার নূর পর্বতের হেরা গুহায় ধ্যানরত অবস্থায় মহানবী হযরত মুহাম্মদের (সঃ) নিকট সর্ব প্রথম পবিত্র ধর্ম গ্রন্থ কুরআন নাজিল হয়। সর্ব প্রথম তার নিকট প্রথম সূরা আল আলাক্কের প্রথম পাঁচটি আয়াত নাজিল হয়। এ রাতে ফেরেশতা জীবরাইল এর নিকট সম্পূর্ণ কুরআন অবতীর্ণ হয় যা পরবর্তীতে ২৩ বছর ধরে নবী হযরত মুহাম্মদ (সঃ) এর নিকট তার বিভিন্ন প্রয়োজনীয়তা এবং ঘটনার পরিপ্রেক্ষিতে নির্দিষ্ট আয়াত আকারে নাজিল হয়। মুসলমানদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এই রাত সম্পর্কে হাদিস শরীফে অসংখ্য বর্ণনা রয়েছে। পবিত্র ধর্ম গ্রন্থ আল কুরআনে সূরা কদর নামে স্বতন্ত্র একটি সূরা নাজিল হয়েছে। এ রাতে মানবজাতির ভাগ্য পুনর্নির্ধারণ করা হয়। তাই মুসলমানদের কাছে এই রাত অত্যন্ত পূণ্যময় রাত্রি হিসেবে পরিগণিত, এই রজনীর ইবাদত হাজার মাসের ইবাদতের চেয়েও অধিক তাৎপর্যপূর্ণ। এ মহিমান্বিত রাতে আলাহর সন্তুষ্টি অর্জনের জন্য ধর্মপ্রান মুসলমানগণ পবিত্র কুরআন তিলাওয়াত, নফল নামাজ, জিকির-আসকার, দোয়া-দরুদ ও ইবাদত-বন্দেগির মাধ্যমে দিনটি পালন করে থাকেন। এদিন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান সরকারিভাবে বন্ধ রাখার পাশাপাশি অফিস-আদালতে ছুটির দিন হিসাবে পালিত হয়।



মোঃ জসিম উদ্দিন

মেজর (অবঃ)

উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)

পক্ষে মহাপরিচালক

বিতরণঃ

ওয়েবসাইট

নোটিশ বোর্ড

হোয়াটসএ্যাপ গ্রুপ